

৮ মে, মা দিবসের কবিতা

.....

মমতা আমার

মায়ের নাম

অংশু মোস্তাফিজ

ভাতের চাল শেষ।

দুদিন আগে আলোর লাইন কেটে দিয়েছে

গতমাসের বিদ্যুৎ বিল দিইনি বলে।

পকেটের টাকাগুলো মেপে দেখলাম

তোমার কাছে যাবার মত যথেষ্ট নাই আমার।

কিন্তু মা, তোমার কাছে যাওয়া আমার

বিশেষ জরুরী।

আমার মধ্য মাথায় সামান্যতীত মাইগ্লেন

বেশ কিছু দিন নারকোল তেল দিয়ে

দাওনি বলে। শুকনো পৃথিবী এইসব বর্ষার দিনে।

আমার দুপুরের খাবার টেবিল কিংবা

শেষ রাতের ঘুমে দেখা তোমার মুখ আমার

ভাবনা নদীতে প্লাবনের আয়োজন করছে

কতক মাস।

আমি তোমার পায়ে হাত বুলাতে চাই

একবার। আরেকবার বাঁচতে চাই।

আমি চাই শুদ্ধভাবে দুপুরের খাবার খেতে।

আমি চাই আরেকবার চপচপে নারকোল

তেল দাও আমার মাথায়।

আমি চাই তুমি আমাকে তাড়াতাড়ি

ঘরে ফিরতে বলো এবং আমি চাই

আরেকবার মশাড়িটা টাঙিয়ে দিয়ে

শেষ বার ঘুমাতে যাও ।

মশাড়ি কিনতে পারিনি তাই তোমার
কাছে যেতে চেয়েছিলাম ।

আমার মদ খাবার কথা কাউকে বলতে চাই
তাই তোমার কাছে যেতে চেয়েছিলাম ।

তোমার কাছে যেতে পারি না-

মাথার উপড় রোদ । চারপাশে ধর্মান্ধ

মানুষের দল । তোমার কাছে যেতে পারি না ।

তোমার সাথে দেখা হওয়া আমার বিশেষ প্রয়োজন ।

তোমার শুভাশীষ বিশেষ প্রয়োজন ।

তোমার নাম মমতা ।

কিন্তু গতবার বাড়ি গিয়ে তোমার দেখা

পেলাম না । তার আগেরবার বাড়ি গিয়ে

দেখা পাইনি । বাড়ি যাবার মত প্রয়োজনীয়

ছুটি পাইনা । তার আগে একবার বাড়ি

গিয়ে দেখি তুমি লাশ হয়ে শুয়ে আছে ।

একজন সাক্ষী দিতে এসে বললো, ইস!

তুমি কোন কথা বলোনি-কিংবা অনেকদিন

পর ঘরে ফেলা বলে একটু উচ্ছ্বাস, না ।

তুমি মরে পরে আছে ।

এবং আমাকে বুঝতে হয়েছে জীবন মানে

এখন যন্ত্রণা ।

মাটির সোদা গন্ধ কখনো বোঝা হবে না আর ।

একডালা ঘাস কেটে বলা হবে না

পানি দাও একগ্লাস ।

তবু আমি সম্প্রতি যাবো ।

পা থেকে সান্ডেল খুলে ছুঁয়ে দেখবো তোমার

কবর কিংবা আমার আট স্বর্গের কেন্দ্রবিন্দু ।

বিকেল হতে হতে একদিন চলে আসবো ।

পথের ক্লাস্তি জুড়াতে তোমার পাশে বসবো কিছুক্ষণ ।

দেখা হবে না জেনেও তোমাকে খুঁজবো

কিছুক্ষণ।

আমাকে দেখতে পেলে হাত বুলিয়ে দিও মাথাও।

একবার পবিত্র হতে চাই।

হৃদয় ভরাতে চাই শুদ্ধ মমতায়।

মমতা আমার মায়ের নাম

ভেবে স্বস্তি পেতে চাই।

একবার তোমার কাছে যেতে চাই।

আমি আকাশের তারার দিকে তাকিয়ে

তোমার সাথে কথা বলতে চাই।

এবং আমার কথার উত্তর চাই তোমার থেকে।

এই কৃষ্ণপক্ষ কাটলে তাকাবো তারাদের

দিকে। তুমি কি সাড়া দেবে না।

অংশু মোস্তাফিজ

বগুড়া, বাংলাদেশ

ইমেইলঃ aungsu1987@gmail.com